



৮ সেপ্টেম্বর, ২০১১

প্রিয় পিতামাতা/অভিভাবক,

ফেডারেলের কোন শিশুই পিছিয়ে থাকবে না আইনের অধীনে, আপনার সন্তান গণিত, রিডিং, এবং ইংরেজি ভাষা শৈলী বিষয়ে স্কুল ছুটি পরবর্তী সহায়তলাভে যোগ্য বিবেচিত হতে পারে। আপনার সন্তান এই ফ্রি টিউটরিং পরিষেবা, যা সম্পূর্ণ শিক্ষা পরিষেবা (এসইএস) বলে পরিচিত, সেটি পাবার যোগ্য হতে পারে যদি সে “উন্নতি আবশ্যিক” টাইটেল ওয়ান স্কুলে পড়ে এবং ফ্রি অথবা হ্রাসকৃত মূল্যের লাঞ্ছের যোগ্য হয়।

৭০টিরও বেশি স্টেট-অনুমোদিত এসইএস সংগঠনের সাথে ডিপার্টমেন্ট অব এডুকেশনের চুক্তি আছে এবং এসব সংগঠন স্কুল ছুটি পরবর্তী সময়ে এবং স্কুলে সপ্তাহান্তে, কম্যুনিটি সেন্টারে, মহল্লার বিভিন্ন স্থান এবং হোম ছাড়াও ইন্টারনেটের মাধ্যমে ফ্রি কর্মসূচি প্রদান করে।

এসইএস কীভাবে কাজ করে এবং এই সকল ফ্রি পরিষেবা পেতে পিতামাতা অথবা অভিভাবক হিশেবে আপনার কী করা উচিত তা এই পিতামাতা নির্দেশিকায় ব্যাখ্যা করা হয়েছে। স্টেট-অনুমোদিত প্রদানকারীদের একটি নির্দেশিকা, এসইএস ফরম, গুরুত্বপূর্ণ তারিখসমূহের ক্যালেন্ডার এবং প্রদানকারী বেছে নেয়া এবং ভর্তির ফরম পূরণের পরামর্শ এই গাইড বইয়ে আছে। এছাড়া, আপনার সন্তানের স্কুলে, প্রদানকারীগণ স্কুল বিল্ডিং-এ যেসব পরিষেবা প্রদান করে সেসম্পর্কিত তথ্য আছে। যদিও আপনি অন্য কোন স্থানে, যা স্কুল নয়, প্রদত্ত কর্মসূচিও বেছে নিতে পারেন। শুধু মনে রাখবেন যে, আপনার সন্তান এক স্কুল বছরে শুধু একটি এসইএস কর্মসূচিতে ভর্তি হতে পারবে।

কোন টিউটরিং কর্মসূচিটি আপনার সন্তানের জন্য সর্বোত্তম সে সিদ্ধান্ত গ্রহণে, অনুগ্রহ করে আপনার সন্তানের শিক্ষণ চাহিদা বিবেচনা করুন। বাছাই সম্পর্কিত সহায়তার জন্য আপনার সন্তানের শিক্ষক অথবা স্কুলের সাথে পরামর্শ করতে পারেন।

সর্বশেষে, আপনার স্কুল প্রদানকারীদের একটি মেলা আয়োজন করতে পারে যাতে আপনি সরাসরি তাদের সাথে কথা বলে কোন কর্মসূচিটি আপনার সন্তানের জন্য সবচেয়ে ভালো সেবিষয়ে সিদ্ধান্ত নিতে পারেন। অনুগ্রহ করে নো চাইল্ড লেফট বিহাইন্ড / সাপ্লিমেন্টাল এডুকেশনাল সার্ভিসের ওয়েবসাইট <http://schools.nyc.gov/RulesPolicies/NCLB/SES/default.htm> দেখুন অথবা এই সকল ফ্রি টিউটরিং পরিষেবা সম্পর্কে আপনার কোন প্রশ্ন থাকলে আপনার সন্তানের স্কুলের সাথে যোগাযোগ করুন।

আপনার বিশ্বস্ত,

ডেনিস এম. ওয়ালকট  
চ্যান্সেলর